দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথক ভাবে কর্মী সমাবেশ

দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথকভাবে নিবার্চনী হাওয়া বইতে শুরু করেছে। চলছে দল বদলের পালা।

আজ মঙ্গলবার সন্ধায় কেরুজ শ্রমিক ও কর্মচারী নিবার্চনে সভাপতি পদপ্রাথী বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ ও তৈয়ব আলী সংগঠনের পৃথক দুইটি শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আগামী ফেব্রয়ারী মাসে নিবার্চনকে সামনে রেখে এ শ্রমিক সমাবেশ। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন সবুজ সংগঠনকে হুমকি-ধামকি দিয়ে বিজয় ঠেকাতে পারবে না কেউ।

এছাড়া শ্রমিকদের মধ্যে আরো বক্তব্য শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মফিজুল ইসলাম ও রেজাউল করিম, সহ-সাধারণ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, আব্দুর রাজ্জাক, মিরাজুল ইসলাম, ইউনিয়নের সদস্য কামরুল হাসান। এছাড়া লোমান, মানিক হোসেন।

কর্মী সমাবেশে কোরান তেলোয়াত ও দোয়া পাঠ করেন কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিম নেছার উদ্দিন। সমাবেশ পরিচালনায় ছিলেন হারিজুল ইসলাম ও সার্বিক তত্তাবধায়নে ছিলেন, রাসেল উদ্দিন টগর।

এদিকে তৈয়ব সংগঠনের তৈয়ব আলী সমাবেশে বক্তব্য রাখেতে গিয়ে শ্রমিকদের উদ্যোশে বলেন, এখানে যারা উপস্থিত আছেন আজ থেকে আমরা এক একজন তৈয়ব আলী হয়ে শ্রমিকদের মন জয় করে কেরুজ শ্রমিক ইউনিয়নে তৈয়ব আলীর বিজয় পতাকা উড়াতে হবে। আমারা আমাদের কাজ ও ভালবাসা দিয়ে শ্রমিকদের কাছে নেবো এবং সংগঠন শক্তিশালী করবো এ শপত নিয়ে সামনে বিজয় ছিনিয়ে আনতে কাজ করে যাবো। এসময় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সাবেক সভাপতি হাফিজুল ইসলাম, আব্বাছ আলী, জাহিদুল ইসলাম,ওমর ফারুক প্রমুখ। সমাবেশ পরিচালনা করেন, মনিরুল ইসলাম।

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মাড়াই মৌসুমের স্লো- ফায়ারিংয়ের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মৌসুমে আখ মাড়াই উপলক্ষে চিনিকলের বয়লিং হাউজে আগুন নিক্ষেপের মধ্যে দিয়ে স্লো- ফায়ারিং শুভ উদ্ধোধন অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ২ টায় কেরুজ বয়লিং হাউজের সামনে স্লো-ফাযারিং উপলক্ষে মিল হাউজের বয়লার বিভাগে এক আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাব্বিক হাসান, এ সময় তিনি বলেন ১৯৩৮ সাল থেকে মিলটি একই ভাবে চলছে।তবে মিলটি ইতিমধ্যে বিএমআর আইয়ের কাজ চলছে। তাই বয়লিং হাউজ মিলের একটি গুরুত্বপুর্ন জায়গা। সেজন্য আমরা পরিক্ষা মৃলকভাবে ১৫/২০ দিন আগে দেখে নিই কোন সমস্যা আছে কিনা। যদি সমস্য থাকে তাহলে আমরা দ্রত সারিয়ে তুলতে পারবো। তিনি আরও বলেন গত বছর মিলটি আখের অভাবে ৫২কার্য দিবসে মিলটি বন্ধ হয়ে গিয়েছিলো। তাই এবার ২ মাসের অধিক মিলটি চলবে। তাই সবার প্রতি অনুরোধ করে বলেন আপনারা সবাই মিলটি টিকিয়ে রাখার স্বার্থে সবাই আখ লাগাবেন।

তাই তিনি প্রত্যেক শ্রমিক কর্মচারীদের অনুরোধ করে বলেন আপনারা মিলটি টিকিয়ে রাখতে হলে সবাই আখ লাগান মিলটি প্রান ফিরে পাক। ২০২৪-২৫ মাড়াই মৌসুমে বড় ধরনের কোন যান্ত্রিক সমস্যার সম্মূখীন হতে না হয় সেজন্য সকল যন্ত্রাংশ ট্রাইল দেওয়া হচ্ছে পাশাপাশি কোন সমস্য আছে কিনা সেটিও দেখা হচ্ছে। তবে মিলটি মাড়াই মরসুম সুন্দর ও সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে সকল ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আশা রাখি সকল প্রতিকূলতা মোকাবেলা করে মাড়াই মৌসুম সম্পন্ন করা সম্ভব হবে। সেই সাথে সকলের প্রচেষ্টায় প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব হবে। তবে চিনি উৎপাদনের একমাত্র কাচামাল হচ্ছে আখ। তিনি এতদ্বা অঞ্চলের চাষিদের প্রতি আহ্বান জানিয়ে আরও বলেছেন, দেশের ভারী শিল্পপ্রতিষ্ঠান, জেলার ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান কেরুজ চিনিকলকে রক্ষা করতে বেশি বেশি করে

আখ চাষের কোনো বিকল্প নেই ।এবার গতবারের ছাড়া ১০ দিন দেরিতে চালু হলেও মিলটি সুন্দর ভাবে চলবে বলে আশা করছি।

এসময় উপস্থিত ছিলেন, কেরু চিনিকলের মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস সাত্তার,জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, চিনিকলের কারখানা মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা, এডিএম গালিব হোসেন, ডিজিএম মাহাবুবুর রহমান, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক হাফিজুর রহমান হাফিজ, সহ-সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম পিন্স, মাসুদুর রহমান মাসুদ সংগঠনের কর্নধর সৌমিক হাসান রুপম, সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন, এ স্লো ফায়ারিংয়ের অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা, এ অনুষ্ঠানটি পরিচালনা করেন মেকানিকাল ইঞ্জিয়ারিং নাজমুল হোসেন।

গত বছর ২০২৩-২৪ আখ মাড়াই হয়েছিল ৫৬ হাজার মেট্রিক টন এ বছর ২০২৪-২৫ মাড়াই মৌসুমে ৭০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ২০২৪-২৫ মাড়াই মৌসুমে আখ রোপনের টার্গেট নিয়ে মাঠে নেমেছে ৬ হাজার মেট্রিক টন। তার বীপরীতে দণ্ডায়মান আখ আছে কেরুর নিজস্ব জমিতে ২৭ হাজর মেট্রিক টন, পাবলিক আখচাষীদের জমিতে দণ্ডায়মান আখ আছে ৪৩ হাজার মেট্রিক টন। চিনি আহরনের গড় ধরছে ৫। গত বছর চিনি আহরনের গড় ছিল ৪.৯৪। এবার চিনিকলটি ৬০ কার্যদিবস চলবে বলে জানায় কেরুজ কতৃপক্ষ।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠন

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার দিকে কেরুজ ট্রেনিং কমপ্লেক্সের হল রুমে

কেরুজ চিনিকলের মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্টিত সভা ও কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেরু’জ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান (এফসিএমএ)।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সাংগঠনিক সম্পাদক অহিদুজ্জামানের উপস্থাপনায় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, কেরু’জ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিকদলের সাধারন সম্পাদক সাবু তরফদার, সাবেক ছাত্রনেতা দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম মাষ্টার, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য মাহাবুবুল হাসান খোকন, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য লুৎফর রহমান, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য ও সাবেক কাউন্সিলর শরীফ উদ্দিন, দর্শনা পৌর জামায়াতের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আমজাদ হোসেন, কেরুজ অবসরপ্রাপ্ত শ্রমিক নেতা হাবিবুর রহমান হবি, প্রমুখ।

সভার বক্তব্য শেষে শরীফ উদ্দীনকে সভাপতি ও নজরুল ইসলামকে সাধারন সম্পাদক, ওহিদুজজামান ও শফিউল আলম তোতাকে সহ-সভাপতি, মোমিনল ইসলাম ও জাহান আলীকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং জালাল উদ্দীন লিটনকে সাংগঠনিক সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি পূর্ণঙ্গ কমিটি গঠন করা হয়।

আলোচনার শুরুতেই আখচাষী কল্যাণ সংস্থার পরিচালনা পরিষদের অর্থ সম্পাদক (ক্যাশিয়ার) নজরুল ইসলাম বিগত বছরের আয় ব্যায়ের হিসাব উপস্থিত সকলের মাঝে পাঠ করে তুলে ধরেন।

দর্শনা কেরুজ চিনিকলের মতবিনিময় সভা অনুষ্ঠানে এমডি রাব্বিক হাসান

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ রোপন মাড়াই মৌসুম উন্নত জাতের আখ পরিষ্কার-পরিচ্ছন্ন আখ সরবরাহের লক্ষ্যে সি ডি এ, সি আই সিদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টার দিকে ট্রেনিং কমপ্লেক্স, ভবনে এ সভা অনুষ্টিত হয়। এ সভায়(মহাব্যবস্থাপক কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা কেরুজ চিনিকলের নবাগত ব্যবস্থাপনা পরিচালক এফসিএমএ এ রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন,সরকারের এ ভারী শিল্প প্রতিষ্ঠান আপনাদেরই সম্পদ। এ সম্পদ রক্ষা ও টিকিয়ে রাখার দায়িত্ব আপনাদেরকেই নিতে হবে। সেক্ষেত্রে বেশী বেশী আখচাষের বিকল্প নেই। মনে রাখতে হবে এলাকার অন্যতম অর্থনৈতিক চালিকা শক্তি ঐতিহ্যবাহি কেরুজ চিনিকলের মূল কাচামাল হচ্ছে আখ। সরকার যেমন আখের মূল্য বৃদ্ধি করেছে, তেমনি কৃষকদের সবধরণের সুযোগ-সুবিধা ও সেবা নিশ্চিত করেছে। আখের অধিক ফলনে কার্যকরি পদক্ষেপ গ্রহন করেছি আমরা। একর প্রতি আখের ফলন বৃদ্ধিতে করণীয় বিষয়য়ে আমরা সবসময় কৃষকদের পরামর্শ দিয়ে আসছি। ফলে আখচাষে অধিক মুনাফা অর্জনে কৃষকদের হতে হবে আন্তরিক। উন্নত জাতের আখচাষ সহ সঠিক পরিচর্যা করতে হবে।
কেরুজ চিনিকলটি টিকিয়ে রাখতে হলে সবার জায়গা থেকে পরিশ্রম করতে হবে।এবং আখ চাষীদের সাথে সব সময় যোগাযোগ রাখতে হবে।

বিশেষ অতিথি হিসাবে ,মহাব্যাবস্থাপক কৃষি দেলোয়ার হোসেন, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,এ অনুষ্ঠানটি কৃষি বিভাগের আয়োজনে অনুষ্টিত হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন,ডিজিএম সম্পসারন মাহবুবুর রহমান।

দর্শনায় কেরুজ চিনিকলে ১০৪ জন স্থায়ীভাবে শ্রমিক-কর্মচারীরা নিয়োগ

দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের সর্ববৃহৎ প্রতিষ্ঠান চুয়াডাঙ্গা জেলার একমাত্র ভারী শিল্প প্রতিষ্ঠান দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী। এ প্রতিষ্ঠানটি ৪ টি কমপ্লেক্স মিলে এ প্রতিষ্ঠানটি গঠিত।

এ প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে স্থায়ী লোকবল সংকট থাকায় দীর্ঘ ১ যুগ পর ৫ টি চিনিকল মৌসুমী থেকে স্থায়ী করনের সুযোগ পায়। গত ১৪ মার্চ নীতিমালা তৈরি করে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের সদর দপ্তরে পাঠায়। তারপর সদর দপ্তর ২৫ মার্চ শৃন্যপদ পৃরন করার জন্য দরখাস্ত করার আহব্বান জানান।

পরে কেরু এ্যান্ড কোম্পানি ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন ৫ সদস্য কমিটি গঠন করে ২ এপ্রিল স্থায়ী করন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে।২৪ এপ্রিল সদর দপ্তরের প্রতিনিধি সাইফুল আলম যাচাই বাচাই করেন।পরে ১৩ ও ১৪ নিয়োগ পরিক্ষা অনুষ্টিত হয়।নিয়োগ পরিক্ষায় অংশ নেয় প্রায় ১৪০ জন শ্রমিক কর্মচারী। ।

গত ১৫ মে সকাল ১১ টার দিকে ১০৯ জনের বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকলেও ৫ টি পদে কোন লোকবল না থাকায় ৫ টি পদ শৃন্য রেখে ১০৪ জন শ্রমিককে স্থায়ী নিয়োগ প্রদান করেন।হঠাৎ করে ১৫ মে সন্ধা ৬ টার দিকে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন বিএসএফআইসি’র অধীনে সকল চিনিকল প্রতিষ্ঠানে চলমান মৌসুমি জনবল থেকে স্থায়ী সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত করার আদেশ দেন সচিব বিএসএফআইসি চৌধুরী রুহুল আমিন কায়ছার। তার আগে শ্রমিক কর্মচারীরা যোগদানের চিঠি হাতে পেয়ে স্ব স্ব কর্মস্থলে যোগদান করে। যোগদানের পরে ১০৪ শ্রমিকদের মাঝে আনন্দ উল্লাস করতে থাকে।ঐদিনই বাংলাদেশ চিনি খাদ্য শিল্প কর্পোরেশন নিয়োগ স্থগিতের চিঠি আসাতে অন্যআন্য মিলের শ্রমিকরা হতাশা বিরাজ করলেও কেরুর শ্রমিক কর্মচারীদের মধ্যে দেখা গেছে আনন্দ উল্লাস করতে। শ্রমিকরা বলেন দীর্ঘ ১ যুগ পর ১০৪জন মৌসুমী শ্রমিক ও কর্মচারীরা দীর্ঘ ১৫/২০ বছর পর

সিজেনাল মৌসুমি থেকে স্থায়ী নিয়োগ পেয়েছে গত ১৫ মে রবিবার সকাল ১১ টার দিকে। তাদেরকে নিয়োগ প্রদান করে কেরু এ্যান্ড কোম্পানির বিভিন্ন দপ্তরে যোগদান করে।

দীর্ঘদিন ধরে গ্রান্ড কোম্পানির শ্রমিক কর্মচারীরা ইতিপূর্ব ৩ বার নিয়োগ পরীক্ষা ব্যাহত হয়েছে । এবার চাকরিতে যোগদান করে স্বস্তির নিঃশ্বাস ছাড়ে শ্রমিক ও কর্মচারীরা। তারা দীর্ঘদিন ধরে পরিবার পরিজন নিয়ে কষ্টে ছিলো। কেরু এ্যান্ড কোম্পানীর গ্যারেজ সুপারফাইজার মিজানুর রহমান কান্না জড়িত কন্ঠে গণ মাধ্যম কর্মীদের বলেন, আমি ২০০১ সাল থেকে সিজেনাল মৌসুমি চাকুরী করে আসছি, দীর্ঘ ২৩ বছর ধরে ছেলে মেয়ে নিয়ে কোন রকম সংসার চালিয়ে এসেছি। শেষ সময়ে পদোন্নতি পেলাম,আমার আর সাড়ে ৭ মাস চাকুরী আছে।আমার পদোন্নতি পেয়ে আমি খুব খুশি হয়েছি এবং কেরু কতৃপক্ষ ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ও সাধারন সম্পাদককে ধন্যবাদ জানিয়েছি।

আউট ষ্টেশন ক্যান গার্ড আবুল কাশেম,চাকুরীর শেষ সময়ে স্থায়ী হলাম সাড়ে তিন বছর চাকুরি আছে তাতেও আমিও খুশি।
আউট ষ্টেশন ক্যান গার্ড শহিদুল ইসলাম

এল ডি সেটিংস ২৬ বছর পর, পদোন্নতি পেলেন, আতিয়ার রহমান, ১৪ বছর পর পদন্নোতি পেলাম।

মৌসুমি ক্রয় করনিক, শান্তি মিয়া, ১৪ বছর পর স্থায়ী পদোন্নতি পায়। মুক্তিযোদ্ধা সন্তান মতিয়ার রহমান, ড্রাইভার, দীর্ঘ ১৪ বছর পর স্হায়ী হয়। মুক্তিযোদ্ধা সন্তান, জাহাঙ্গীর, বদরুল, নৃরুল আমিন, রাজু আহম্মে মতিয়ার রহমান, জুবাইদা নাহার এ্যানি ও নাজেরা বেগমসহ ১৫/২০ জন মুক্তিযোদ্ধাকে স্থায়ী করন করে।

তারা আরও বলেন, আমাদের অনেক দিনের কষ্টের ফসল,খেয়ে না খেয়ে ডিউটি করছি এখন আমাদের স্থায়ী হওয়াতে আমার সব কষ্ট দৃর হয়ে গেছে।

এ প্রতিষ্ঠানটিতে রয়েছে প্রায় ১৪ শ শ্রমিক-কর্মচারী। এ সমস্ত শ্রমিক-কর্মচারী সহ এলাকার প্রায় ২০ হাজার পরিবারে জীবিকা নির্বাহ করে থাকে এই প্রতিষ্ঠানটি। আইনি জটিলতার কারনে দীর্ঘদিন স্থায়ী নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানির বিভিন্ন বিভাগে প্রায় দেড় শতাধীক শুণ্য পদ তৈরী হয়। এতে প্রতিষ্ঠানটির কার্যক্রম বিঘ্নিতসহ শ্রমিক-কর্চারীদের মধ্যে সৃষ্টি হয় হতাশা।

প্রতিষ্ঠানটির সার্বিক দিক বিবেচনা করে সকল আইনি জটিলতা কাটিয়ে

চুয়াডাঙ্গা-২আসন সংসদ সদস্য আলী আজগার টগর ও প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেনের সহ শ্রমিক কর্মচারী ইউনিয়নের একান্ত প্রচেস্টায় ১০৪ জন শ্রমিক-কর্মচারীর স্থায়ীকরণ করে। এসমস্ত মৌসুমী শ্রমিক-কর্মচারীদের ভাগ্য পরিবর্তন হওয়ায় তাদের পরিবারের মাঝে বইছে উৎসবের আমেজ।

কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোশারফ হোসেন বলেন, নিয়ম মাফিক প্রতিষ্ঠানে ১০৯ টি শুন্য পদের জন্য গত ১৩ ও ১৪ মে সকালে কেরু হাইস্কুলে শ্রমিক-কর্মচারীদের স্থায়ী নিয়োগ পরিক্ষা অনুষ্ঠিত হয়। এ নিয়োগ পরিক্ষায় প্রায় ২শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। পরে ওই দিনই যাচায়-বাচাঁয় করে চুড়ান্ত ভাবে ১ ০৯জনের স্থাায়ী বিজ্ঞপ্তি প্রকাশ হয়। সংশিষ্ট পদে লোক না থাকায় ৫ টি পদ বাকি রেখে বিজ্ঞপ্তি প্রকাশ ১০৪ জন শ্রমিক-কর্মচারীকে স্থায়ী করণ করা হয়। গত ১৫ মে সকালে সদ্য স্থায়ী করণ শ্রমিক-কর্মচারী প্রতিষ্ঠানে যোগদান করে। পরে সন্ধায় বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন সচিব নিয়োগ স্থগিতে আদেশ দেন,তার আগেই শ্রমিক কর্মচারীরা যোগদান করে।

এ বিষয়ে শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন,আমরা বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অনুমোদনে আমরা এ স্থায়ী নিয়োগ সম্পর্ন করেছি।

এ বিষয়ে শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ বলেন,২০/২৫ বছর ধরে শ্রমিকরা চাকুরী করে যাচ্ছে তাদেন কোন পদোন্নতি হয়না। তাই সবার প্রোচেষ্টায় গত ১৫ মে ১০৪ জন শ্রমিককে স্থায়ী করন করা হয়েছে। স্বচ্ছতা না থাকলে যাদের ৭ মাস, কারও ২ বছর সাড়ে তিন বছর তাদের স্থায়ী হত না। এবং মুক্তিযোদ্ধা সন্তাদের অগ্র অধিকার দিয়ে এ স্থায়ী করনের নিয়োগ সম্পর্ন করা হয়েছে।

দর্শনা কেরুজ চিনিকলের ৫২

কার্য দিবসে আখ মাড়াই মৌসুম সম্পন্ন

৮৬ বছর বয়সী বুড়ো কেরুজ চিনিকলটি এবারের আখ মাড়াই মৌসুমে চমক সৃষ্টি করলো। অবিশ্বাস্য হলেও সত্য বয়সের ভারে ন্যুয়ে পড়ে খুড়িয়ে খুড়িয়ে চলা মিলটি চলতি আখ মাড়াই মৌসুমে ছোট খাটো যান্ত্রিক ত্রুটির কবলে পড়লেও।

অন্যান্য মাড়াই মৌসুমের তুলনায় এবারের মৌসুমে আখ মাড়াইয়ের গড়হারও তুলনামূলক বেশী। চিনি আহরণের গড়হার বৃদ্ধি না পেলেও চিনির গুনগত মান এবার বেশ ভালো।

মিলের ব্যবস্থাপনা পরিষদের দক্ষতা, শ্রমিক-কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফসল বলেই মন্তব্য সুধী মহলের। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাড়ে ৬৫ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে ৬.২০ মেট্রিকটন চিনি উৎপাদন করবে কেরুজ চিনিকল।

কেরু চিনিকল সুত্রে জানা গেছে, এ মৌসুমে ৫২ কার্য দিবসে ৬ দশমিক ২০ শতাংশ চিনি আহরনের হার ধরে সাড়ে ৬৫ হাজার মেঃ টন আখ মাড়াই করে ৪ হাজার ৩০ মেঃ টন চিনি উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। যার বিপরীতে মিলজোন এলাকায় ৩ হাজার ৮ শ ২ একর জমিতে আখ করেছে।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আজ রাত ১২ টার দিকে মিলটি বন্ধ হচ্ছে। তবে আগামীতে মিলটি আরও বেশিদিন চলবে বলে তিনি জানান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted] (born [redacted]-[redacted]-[redacted]) [redacted]

[redacted]

[redacted]

[

কেরুজ চিনিকলের ড্রাইভার আব্বাসের বিরুদ্ধে চিটাগুড়ে পানি মেশানোর অভিযোগ

দর্শনা কেরুজ চিনিকলের পরিবহন বিভাগের কর্মরত ড্রাইভারের বিরুদ্ধে বহনকৃত চিটাগুড়ে পানি মেশানোর অভিযোগ উঠেছে। এ অভিযোগে পরিবহনের ট্যাংকির চিটাগুড় আনলোডে বাঁধ সেধেঁছে কর্তৃপক্ষ। যে কারনে আটকে দেওয়া হয়েছে পরিবহনের ট্যাংকের চিটাগুড় আনলোড।

জানাযায়, দর্শনা কেরুজ চিনিকলের পরিবহন বিভাগের নিজস্ব (ঢাকা মেট্রো-ঢ-১১-০৩৬১) নম্বরের একটি পরিবহন ট্রাক (ট্রাংকলরী) চিটাগুড় আনতে যায় নাটোর চিনিকলে। বহনকৃত পরিবহন ট্রাকটির (ট্রাংকলরী)কেরুর শ্রমিক চালক আব্বাস উদ্দিন চিনিকল হতে চিটাগুড় নিয়ে ফিরে আসেন কেরুজ চিনিকলে।

আজ রোববার সকালের দিকে ট্রাকের ট্রাংলরীর মধ্যে রক্ষিত চিটাগুড় কেরুজ চিনিকলের হাউজে ঢালার সময় চিটাগুড়ে পানি মেশানো হয়েছে এমন সন্দেহ হয় কেরুজ কর্মকর্তাদের। এতে কর্মকর্তা ট্রাকের চিটাগুড় আনলোডে বাঁধসেধে বন্ধ করে আটকে দেয় ট্রাকটি। ফলে ট্রাকের চিটাগুড় সহ ট্রাকটি পড়ে থাকে হাউজের পাশে ট্রাক লোড-আনলোড পয়েন্টের উপর।

একথা কেরুজ চিনিকল এলাকায় দ্রুত ছড়িযে পড়লে শ্রমিক ও সাধারন মানুষের মুখে নানামুখি গুঞ্জন ওঠে চালক আব্বাস উদ্দিনকে নিয়ে। ট্রাক চালক কি পথিমধ্যে চিটাগুড় বিক্রি করে ট্রাকের ট্রাংকিতে পানি মিশিয়েছে? আর পানি মিশ্রিত সেই চিটাগুড় প্রতিষ্টানকে বুঝিয়ে দেওয়ার চেষ্টা ব্যার্থ হয়ে ধরা খেলেন চালক আব্বাস?

এবিষয়ে কেরুজ ডিষ্টিলারী বিভাগের মহা-ব্যবস্থাপক রাজিবুল হাসান বলেন, চিটাগুড়ে (মুলাসেস) পানিমিশ্রিত সন্দেহে আমরা ট্রাকের রক্ষিত মাল আনলোড বন্ধ করে দিয়েছি। এ বিষয়ে নাটোর সুগার মিলের প্রডাকশন ম্যানেজারের সাথে যোগাযোগ করা হচ্ছে। সেই সাথে চিটাগুড় সংরক্ষণ করে তা পরিক্ষার জন্য ল্যাবে পাঠানো হয়েছে।।তিনি আরও বলেন পরিক্ষা শেষে জানা যাবে পানি মিশিয়েছে কিনা।

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [

আজ শুক্রবার বিকাল ৩ টায় কেরুজ কেইন ক্যারিয়ার চত্তরে আলোচনাসভা ও দোয়ার মধ্যে দিয়ে ২০২৩-২৪ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু করবে।

এ অনুষ্ঠানে আনুষ্ঠানিক উদ্ধোধন করবেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান গ্রেড(১)শেখ শোয়েবুল আলম এনডিসি।

বিশেষ অতিথী হিসাবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিন্জার চাকমা,পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপি এম-সেবা।প্রতিবারের মতো এবারো সর্বোচ্ছ আখচাষী সেরা ফলনকারী কৃষককেও সম্মানা দেয়া হবে।

দর্শনা কেরুজ চিনিকলের স্লো- ফায়ারিংয়ের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরুজ চিনিকলের ২০২৩-২৪ মৌসুমে আখ মাড়াই উপলক্ষে চিনিকলের বয়লিং হাউজে স্লো-ফায়ারিং আগুন নিক্ষেপের মাধ্যমে শুভ উদ্ধোধন অনুষ্টিত হয়েছে।

শুক্রবার (২৪ নভেম্বর) দুপুর ২ টায় কেরুজ বয়লিং হাউজের সামনে স্লো-ফাযারিং উপলক্ষে মিল হাউজের বয়লার বিভাগে এক আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্য ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন।

এসময় উপস্থিত ছিলেন,কেরু চিনিকলের মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস সাত্তার,জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া,চিনিকলের কারখানা মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা,এ ডি এম ইউসুফ আলী,ষ্টোর কিপার ইনচার্জ লিংকন ঢালী,কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ,সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,সাবেক সভাপতি তৈয়ব আলী,সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন,এ অনুষ্টানের দোয়া পরিচালনা করেন কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা,ও মুয়াজ্জিন নেছার উদ্দিন,অনুষ্ঠানটি পরিচালনা করেন সহ সাধারন

সম্পাদক মোস্তাফিজুর রহমান।

এ বছর মাড়াই মৌসুমে ১ লাখ ৫৪ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৪ হাজার মেট্রিক টন চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। চিনিকলের নিজস্ব ১ হাজার ৫৫০ একর জমিতে ২৪ হাজার মেট্রিক টন আখ উৎপাদন করেছিল। এবং কৃষকের ৬ হাজার ৯৮২ একর জমির ৯৪ হাজার মেট্রিক টন আখ লাগিয়েছিলো। কিন্তু এবার মাত্র ৪৫ দিবসে আখ মাড়াই কার্যক্রম শেষ হয়ে যাবে বলে ধারনা করছে কেরুজ কতৃপক্ষ।